

# ইডেনে মুখোমুখি ছাত্রলীগের দুই গ্রুপ,রাতভর উত্তেজনা

সংবাদ অনলাইন রিপোর্ট

: রোববার, ২৫ সেপ্টেম্বর ২০২২

রাজধানীর ইডেন মহিলা কলেজে ছাত্রলীগের দুই গ্রুপ পাল্টাপাল্টি অভিযোগে মুখোমুখি অবস্থান নিয়েছে। শনিবার (২৪ সেপ্টেম্বর) রাত ১১টায় কলেজ ছাত্রলীগের সহ-সভাপতি জান্নাতুল ফেরদৌসকে নির্যাতনের অভিযোগ ওঠে সভাপতি তামান্না জেসমিন রিভা ও সম্পাদক রাজিয়া সুলতানার বিরুদ্ধে। এরপর থেকে দফায় দফায় ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে।

শনিবার দিবাগত রাত ২টার দিকে আয়েশা সিদ্দিকা হল ও টিচার্স কোয়ার্টারের সামনে দুই গ্রুপ মুখোমুখি অবস্থান নেয়। এ সময় উভয়পক্ষের মধ্যে উত্তেজনা দেখা দিলে সংশ্লিষ্ট শিক্ষকরা তাদের নিভৃত করেন।

পরবর্তীতে উভয়পক্ষই বিচারের দাবিতে দুইপাশের সড়কে বসে পড়েন। তাদেরকে এ ঘটনার বিচার দাবি করে স্লোগান দিতে দেখা যায়।

নির্যাতনের শিকার জান্নাতুল ফেরদৌস অভিযোগ করে বলেন, ইডেন কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক হলে সিট বাণিজ্যসহ ক্যাম্পাসে নানা অপরাধমূলক কর্মকাণ্ড পরিচালনা করছেন। এসব ব্যাপারে গণমাধ্যমে কথা বলার কারণেই তার ওপর নির্যাতন ও হামলা করা হয়েছে। এ সময় তার সাথে থাকা মোবাইল ফোনটিও নিয়ে যাওয়া হয়েছে বলে অভিযোগ করেন তিনি।

সহ-সভাপতি সোনালী আক্তার বলেন, রিতু, স্বর্ণা, নুরজাহান, লিমা, পপি, জ্যোতি, মীম ইসলাম, বিজলী, রোকসানা সরাসরি হামলার সঙ্গে জড়িত। আমরা এদের বিচার দাবি করছি। যতক্ষণ পর্যন্ত তাদের বিচারের সিদ্ধান্ত না নেওয়া হবে আমরা সরব না।

এসব অভিযোগের ব্যাপারে জানতে ইডেন মহিলা কলেজ শাখা ছাত্রলীগের সভাপতি তামান্না জেসমিন রিভা ও সম্পাদক রাজিয়া সুলতানাকে কলেজে খুঁজে পাওয়া যায়নি। মুঠোফোনে যোগাযোগের চেষ্টা করা হলেও তারা ফোন রিসিভ করেননি।